# মৌসুমী বন্যা এবং বৃষ্টিপাতের জরুরী তথ্য (২৮ আগস্ট, ২০২৪ খ্রি: বিকাল ৩টা)

❖ দেশের সকল প্রধান নদ-নদী সমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

❖ বিগত ৬ ঘন্টায় গঙ্গা নদীর পানি সমতল উজানে ফারাক্কা পয়েন্টে ২ সে.মি. বৃদ্ধি পেয়েছে (২২.৭৮ মিটার) এবং দেশের অভ্যন্তরে পাংখা পয়েন্টে অপরিবর্তিত আছে (২০.৫৫ মিটার) । গঙ্গা নদীর পানিসমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

❖ দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।

❖ **দেশের পূর্বাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের উজানে পানি সমতল তথ্য:**
মুহুরী (বিলোনিয়া-ত্রিপুরা) বিপদসীমার ২৫৭ সে.মি. নিচে, বিগত ৬ ঘণ্টায় ৭ সে.মি. হ্রাস
অমরপুর (গোমতী): বিপদসীমা ২২৬ সে.মি. নিচে, বিগত ৬ ঘণ্টায় ১৪ সে.মি. হ্রাস
ফেণী (সাবরুম) ৩ ঘণ্টায় ৩ সে.মি. হারে হ্রাস

❖ **গত ৬ ঘণ্টায় দেশের উজানে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):** গন্ধছড়া (ত্রিপুরা) ৭.০

❖ **গত ৬ ঘণ্টায় দেশের অভ্যন্তরে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (মি.মি.):** উল্লেখযোগ্য হয় নাই।

❖ বিগত ৬ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় ও পূর্বাঞ্চলীয় মৌলভীবাজার, হবিগঞ্জ, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী ইত্যাদি জেলার সীমান্তবর্তী অঞ্চলে এবং ভারতীয় ত্রিপুরা প্রদেশের অভ্যন্তরীণ অববাহিকাসমূহে উল্লেখযোগ্য বৃষ্টিপাত পরিলক্ষিত হয়নি। এই অঞ্চলের এবং এই অঞ্চলসমূহের উজানের নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৮ ঘন্টায় এ অঞ্চলে এবং তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই।

ফলে এ সময় মনু-খোয়াই, ফেনী, মুহুরি, গোমতী, তিতাস ইত্যাদি নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।

- ❖ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, আগামী ১৮ ঘন্টায় দেশের দক্ষিণ-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস নেই। এ সময় এ অঞ্চলের সাঙ্গু, মাতামুহুরি, কর্ণফুলি, হালদা ও অন্যান্য প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

- ❖ আবহাওয়া সংস্থাসমূহের তথ্য অনুযায়ী, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের দক্ষিণাঞ্চলের লঘুচাপটি বিলীন হয়ে গিয়েছে এবং আগামী ১৮ ঘণ্টায় দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ভারি বৃষ্টিপাতের পূর্বাভাস নেই। ফলে এসময় এ অঞ্চলের নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।

- ❖ ব্রহ্মপুত্র-যমুনা, পদ্মা এবং দেশের উত্তর-পূর্বাঞ্চলের সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, উত্তরাঞ্চলের তিস্তা-ধরলা-দুধকুমার নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান আছে, যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- ❖ **সশস্ত্রবাহিনী, কোষ্টগার্ড, বিজিবি, জেলা প্রশাসন, স্থানীয় শিক্ষার্থীবৃন্দ ও বাপাউবো দুর্যোগ মোকাবিলায় কাজ করছে।**

**বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র**

**বাপাউবো, ঢাকা**